

## ঢাবি কম্পিউটার এসোসিয়েশন

## ঢেলে সাজানোর পরিকল্পনা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ তালাবন্ধ ঢাকা বিশ্ববিদ্যালয় কম্পিউটার এসোসিয়েশনকে 'ডুকা' ঢেলে সাজানোর পরিকল্পনা নিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এজন্য প্রায় ১ মাস সময় লাগবে। বিভিন্ন অনিয়মের অভিযোগে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গত মঙ্গলবার কার্জন হলস্থ কম্পিউটার এসোসিয়েশন বন্ধ করে সীলগালা করে দেয়। জানা যায়, কম্পিউটার এসোসিয়েশনের বর্তমান পরিচালনা বোর্ড বাতিল করে নতুন কমিটি গঠন করা হবে। এর দায়িত্বে থাকবেন বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স বিভাগেরই একজন শিক্ষক 'ডুকা' বন্ধ হয়ে যাওয়ার পর প্রতিষ্ঠানটির কর্মকর্তা-কর্মচারীরা পুনরায় চালু করার জন্য জোর প্রচেষ্টা শুরু করেছে। গত রবিবার রাতে ডুকার পক্ষ থেকে একটি লিফলেট বিশ্ববিদ্যালয়ের সকল আবাসিক হলের কক্ষে কক্ষে পৌঁছিয়ে দেয়া হয়। লিফলেটে অবিলম্বে 'ডুকা' খুলে দেয়ার দাবী জানানো হয়।

এদিকে 'ডুকা' খুলে দেয়ার দাবীতে ছাত্রলীগ অপরাজেয় বাংলার পাদদেশে এক সমাবেশ করে। পরে ছাত্রলীগ নেতারা ডিসির নিকট স্মারকলিপি পেশ করেন। স্মারকলিপিতে বলা হয়, যদি ৭ দিনের মধ্যে 'ডুকা' চালু না করা হয় তবে কর্তৃপক্ষের বিরুদ্ধে কর্মসূচী ঘোষণা করা হবে।